

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮-৪৪

কুমারঘাট, ১৬ নভেম্বর, ২০২৪

মশাউলিতে রাস উৎসবে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী

কৃষ্ণ সংস্কৃতি ও সম্প্রীতি আমাদের বাঁচিয়ে রাখতে হবে

এতিহ্যবাহী রাস উৎসব-২০২৪ এবছরও কুমারঘাটের মশাউলিতে লক্ষ্মীকান্ত শর্মা নাট মন্দির ও মধুসূদন শর্মা নাট মন্দিরে উদযাপিত হয়। গতকাল লক্ষ্মীকান্ত শর্মা নাট মন্দিরে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস। তিনি বলেন, রাস উৎসব ত্রিপুরা, আসাম, মণিপুর ছাড়াও পশ্চিমবঙ্গে উদযাপিত হয়। উৎসবকে কেন্দ্র করে যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা ও নিজেদের মধ্যে ভাবের আদান প্রদান হয় সেই কৃষ্ণ সংস্কৃতি ও সম্প্রীতিকে আমাদের বাঁচিয়ে রাখতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, মশাউলি গ্রামপঞ্চায়েতের প্রধান শঙ্কর দেব, পশ্চিম মশাউলি গ্রাম পঞ্চায়েতের প্রধান সুব্রত শর্মা, বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশীষ সেনগুপ্ত। রাস উৎসবে মশাউলির দু'টি নাট মন্দিরেই সারা রাতব্যাপী রাখাল নৃত্য ও রাস নৃত্য আয়োজিত হয়। উৎসবকে কেন্দ্র করে মেলারও আয়োজন করা হয়েছে।
